



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংলা নং-৩২৫
ঢাকা, বাংলাদেশ।

যৌতুক দেয়া-নেয়া শান্তিযোগ্য অপরাধ

ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১২

তারিখ : ২৯-০৮-১৪১৪ বাং
১৩-১২-২০০৭ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

বিষয় : পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের ডিসেম্বর/২০০৭ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর ডিসেম্বর/২০০৭ মাসের পেনশনের অর্থ ১৮ ডিসেম্বর/২০০৭ তারিখে প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, ট্রেজারী ব্যবস্থাপনা শাখা-৪ এর ০৬-১২-২০০৭ তারিখের অম/অবি/ট্রেব্যশা-৪/টিআর-৩/৮৮-০৭/১০৭/২ নম্বর পত্রটি সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে হুবহু পুনর্মুদ্রিত হলো।

আপনার বিশ্বস্ত,

(এস, এম, রবিউল হাসান)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৫৯

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ট্রেজারী ব্যবস্থাপনা শাখা-৪

নং-অম/অবি/ট্রেব্যশা-৪/টিআর-৩/৮৮-০৭/১০৭/২

তারিখ : ০৬-১২-২০০৭ খ্রিঃ

প্রেরক : নাসরিন সুলতানা
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : (১) হিসাব মহা-নিয়ন্ত্রক,
বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা।

(২) কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স,
১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৪র্থ তলা),
সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের ডিসেম্বর/২০০৭ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর ডিসেম্বর/২০০৭ মাসের পেনশনের অর্থ ১৮ ডিসেম্বর/২০০৭ তারিখে প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, সরকারী বর্ষপঞ্জি-২০০৭ অনুযায়ী ২১ ডিসেম্বর/২০০৭ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে) পবিত্র ঈদ-উল আযহা উদযাপিত হবে বিধায় সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সকল নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের ডিসেম্বর/২০০৭ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর ডিসেম্বর/২০০৭ মাসের পেনশনের অর্থ ১৮ ডিসেম্বর/২০০৭ তারিখে প্রদান করা হবে।

০২। বাংলাদেশ ট্রেজারী রুলস ১ম খন্ডের এসআর ১১৩(২) অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/= ০৬/১২/০৭

(নাসরিন সুলতানা)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৬১৬১৭